# বার্ষিক প্রতিবেদন

# ২০১১-২০১২



## ব্যান্সডক

(বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এণ্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার)
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ই-১৪/ওয়াই, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
ফোনঃ ৮১২৭৭৪৪, ৯১১৪৯০৮, ৮১৫৯২১৫ ফ্যাক্সঃ ৮৮০২-৯১৪০০৬
ইমেইলঃ docu@bansdoc.gov.bd, bansdoc@gmail.com
ওয়েব সাইটঃ www.bansdoc.gov.bd

## ভূমিকাঃ

একটি দেশের সার্বিক উন্নয়নের জন্য বৈজ্ঞানিক গবেষণার কোন বিকল্প নেই। যে কোন বৈজ্ঞানিক গবেষণা শুর“র পূর্বে কিছু তথ্যের প্রয়োজন হয়ে থাকে। যেমন একই ধরণের বৈজ্ঞানিক গবেষণা দেশের অভ্যন্ড়রে বা পৃথিবীর অন্য কোথাও হয়েছে কিনা বা হচ্ছে কিনা এবং ঐ গবেষণার ফলাফল কি ইত্যাদি। এ সব তথ্য প্রকাশিত বৈজ্ঞানিক জার্নাল বা প্রকাশনা থেকে সংগ্রহ করতে হয়। ব্যক্তিগতভাবে একজন গবেষকের পক্ষে তা সংগ্রহ করা অসম্ভব। এ জন্য তাকে কোন প্রতিষ্ঠানের সাহায্য নিতে হয়। অবিভক্ত ভারতে তৎকালীন বৃটিশ সরকার ভারতের দিলণ্টীতে ১৯৪২ সালে বৈজ্ঞানিক গবেষণার প্রয়োজনীয়তা উপলব্দি করে কাউন্সিল অফ সায়েন্টিফিক এন্ড ইন্ডাষ্ট্রিয়াল রিসার্চ (CSIR) প্রতিষ্ঠা করে। ১৯৪৭ সালে দেশ ভাগের পর ভারত সরকার গবেষকদের তথ্য সহায়তা প্রদানের লক্ষ্যে CSIR এর অধীনে ১৯৫২ সালে ইন্ডিয়ান ন্যাশনাল সায়েন্টিফিক ডকুমেন্টেশন সেন্টার (INSDOC) প্রতিষ্ঠা করে। কিন্তু তৎকালীন পাকিস্ড়ানে এ জাতীয় গবেষণা কেন্দ্র বা ডকুমেন্টেশন সেন্টার প্রতিষ্ঠার মত কারিগরি সক্ষমতা না থাকায় CSIR-এর কারিগরী সহযোগিতা নিয়ে ১৯৫৩ সালে পাকিস্ড়ান সায়েন্টিফিক এন্ড ইন্ডাষ্ট্রিয়াল রিসার্চ (PCSIR) প্রতিষ্ঠিত হয় এবং ঢাকায় এর পূর্বাঞ্চলীয় গবেষণাগার প্রতিষ্ঠিত হয়।

ইতিহাসঃ

পাকিস্ড়ান সায়েন্টিফিক এন্ড ইন্ডাষ্ট্রিয়াল রিসার্চ (PCSIR) এবং দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের তথ্য সহায়তা প্রদানের জন্য একটি তথ্য কেন্দ্র প্রতিষ্ঠার লক্ষ্যে পাকিস্ড়ান সরকার ১৯৫৭ সালে ইউনেস্কোর কারিগরী সহায়তা কামনা করে। ইউনেস্কোর বিশেষজ্ঞ মিঃ এ এল গার্ডনার এর সুপারিশে ইউনেস্কোর কারিগরি সহায়তায় পাকিস্ড়ানে PANSDOC প্রতিষ্ঠিত হয়। INSDOC এর অনুসরণে PANSDOC কে PCSIR এর প্রশাসনিক নিয়ন্ত্রণে রাখা হয়। PANSDOC এর কার্যক্রম শুর“র জন্য ইউনেস্কো মিসেস ডি লোম্যান ও মিঃ কে বণ্ঢাম নামক দু’জন বিশেষজ্ঞকে PANSDOC-এ পাঠায়।

১৯৬২ সালে PCSIR এর পূর্বাঞ্চলীয় গবেষণাগার ঢাকায় PANSDOC এর আঞ্চলিক অফিস স্থাপন করা হয়। মাত্র ১১ জনবল নিয়ে এ কেন্দ্রটি পূর্বাঞ্চলের গবেষক, অধ্যাপক, প্রযুক্তিবিদদের বৈজ্ঞানিক তথ্য সহায়তা প্রদানের লক্ষে কাজ শুর“ করে। এ আঞ্চলিক অফিসটি এর ব্যবহারকারীদের ১। ডকুমেন্ট প্রকিউরমেন্ট ২। বিবলিওগ্রাফি প্রণয়ন ৩। ডকুমেন্ট রিপ্রোডাকশন এবং ৪। অনুবাদ সার্ভিস প্রদানের দায়িত্বপ্রাপ্ত হয়।

বাংলাদেশ স্বাধীন হবার পর PCSIR এর পূর্বাঞ্চলীয় গবেষণাগার BCSIR নামে রূপান্ড়রিত হয়। PANSDOC এর আঞ্চলিক অফিসটি BANSDOC নামে BCSIR এর অধীনে শাখা হিসেবে কাজ শুর“ করে। তখন এটি শিল্প মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে ছিল।

স্বাধীন বাংলাদেশে গবেষক/বিজ্ঞানীদের তথ্য চাহিদা বৃদ্ধির প্রেক্ষাপটে ১৯৭৩-১৯৮৫ মেয়াদে ব্যান্সডক উন্নয়ন প্রকল্প বাস্ড়বায়িত হয় এবং বিদ্যমান ১১ জনবলের সাথে আরো ২৪ জনবল ও প্রয়োজনীয় সরঞ্জামাদি যুক্ত হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ দেশে একটি বিজ্ঞান লাইব্রেরী প্রতিষ্ঠার লক্ষ্যে “জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার” নামে একটি প্রকল্প ১৯৮০-১৯৮৫ মেয়াদকালে বাস্ড়বায়ন করে। ১৯৮৬ সালে সরকার শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন BCSIR হতে BANSDOC কে পৃথক করে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণে ন্যস্ড় করে। একই সাথে জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার এবং এর ১০ জনবল রাজস্বখাতে স্থানান্ড়র করে BANSDOC-এর সাথে একীভূত করে। BANSDOC এর নিজস্ব আইন,

বিধি-বিধান প্রণীত না হওয়ায় তা BCSIR-এর আইন অনুযায়ী চলবে বলে সাব্যস্ড় হয়। ১৯৯৪ সালে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ স্বতন্ত্র মন্ত্রণালয় হিসেবে প্রতিষ্ঠা লাভ করলে BANSDOC তৎকালীন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে আসে।

## ব্যান্সডক আই -২০১০

১৯৮৬ সালে ব্যান্সডক স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম শুরু করে। গত ১৮ মার্চ ২০১০ তারিখে মহান জাতীয় সংসদে বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আইন ২০১০ পাশ ও কার্যকর হয়েছে। আইনে ব্যান্সডক-কে একটি স্বায়ত্বশাসিত সংস্থার মর্যাদা প্রদান করা হয়েছে। বর্তমানে এ আইনের আওতায় অর্গানোগ্রাম, নিয়োগবিধি, প্রবিধানমালা প্রণয়নের কাজ চলছে। ব্যান্সডক আইন ২০১০ অনুযায়ী ব্যান্সডক-এর কাজ নিম্নরূপ ঃ

(ক) প্রাকৃতিক বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, চিকিৎসা, প্রকৌশল, শিল্প, প্রযুক্তি, বৈজ্ঞানিক গবেষণা এবং নিরীক্ষামূলক উন্নয়নের সকল ক্ষেত্রে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, সম্পাদনা ও বিতরণ;

(খ) গবেষণা প্রতিষ্ঠান, একাডেমিক প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত শিল্প অথবা অন্য কোন সেক্টরে কর্মরত গবেষকগণকে তাহাদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ; এবং

(গ) গবেষক, নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও ব্যবস্থাপকদের জন্য তথ্য ও প্রাপ্তির ব্যবস্থা করা।

উপরোক্ত কাজ সম্পাদনের জন্য ব্যান্সডক নিম্নোক্ত দায়িত্ব পালন করে ঃ

(ক) বিবলিওগ্রাফিক সার্ভিস প্রদান;
(খ) সংশিণ্টষ্ট প্রকাশনার অনুলিপি সংগ্রহ ও বিতরণ;
(গ) বিজ্ঞানী ও গবেষকদের মধ্যে সংযোগ সার্ভিস প্রদান;
(ঘ) অনুবাদ সার্ভিসে সহায়তা প্রদান;
(ঙ) ফটো-রিপ্রোগ্রাফিক সার্ভিস প্রদান;
(চ) কম্পিউটার ও ইন্টারনেট সার্ভিস প্রদান;
(ছ) সার্ক ডকুমেন্টেশন সার্ভিসে সহযোগিতা প্রদান;
(জ) ফটোস্ট্যাট সার্ভিস প্রদান;
(ঝ) প্রকাশনা সার্ভিস প্রদান;
(ঞ) প্রদর্শনী, সম্মেলন, সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজন এবং প্রযোজ্য ক্ষেত্রে কৃতি প্রশিক্ষণার্থীদিগকে পুরস্কার প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি ও মানব সম্পদ উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনমূলক কার্যক্রম গ্রহণ;
(ট) ওয়েবপেজ ভিত্তিক গবেষণাধর্মী তথ্য সরবরাহ;
(ঠ) বিজ্ঞানী এবং পেশাজীবিদের গবেষণা ও কার্যক্রমকে সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা প্রদান;
(ড) ডিজিটাল লাইব্রেরী সার্ভিস প্রদান;
(ঢ) জাতীয় ও আন্ড়র্জাতিক পর্যায়ে তথ্য বিনিময়;
(ণ) লাইব্রেরী ও তথ্য ব্যবস্থাপনার জন্য ইন্টার্নশীপ;
(ত) জাতীয় পর্যায়ে পুস্ড়ক প্রদর্শনী বা গ্রন্থমেলার আয়োজন ও অংশগ্রহণ;
(থ) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উন্নয়ন ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং এই সংক্রান্ড় পরামর্শসেবা (Consultancy Service) প্রদান;
(দ) ব্যান্সডক উহার কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে বিদেশী যে কোন প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদন; এবং
(ধ) সরকার কর্তৃক এতদ্সংক্রান্ড় বিষয়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন।

## ব্যান্সডক-এর সেবাসমূহ
বিবলিওগ্রাফিক/লিটারেচার সার্চ সার্ভিস

এটি ব্যান্সডক-এর একটি গুরুত্বপূর্ণ সেবা। বিজ্ঞানী/গবেষকগণ কোন বিষয়ের উপর গবেষণা শুরুর পূর্বে জানতে চান তার প্রস্তাবিত গবেষণা ক্ষেত্রের উপর পূর্বে কোথাও কোন গবেষণা হয়েছে কিনা। ব্যান্সডক তার তথ্য ভান্ডার হতে এ জাতীয় তথ্য প্রদান করতে সক্ষম। ব্যান্সডক দেশে-বিদেশে সম্পাদিত গবেষণার বিবলিওগ্রাফি/এ্যাবস্ট্রাক্টস সংগ্রহ করে সংরক্ষণ করে থাকে। ১৯৯৭ সাল হতে এ জাতীয় তথ্য ডিজিটাল ফরমে সংগ্রহ করে আসছে। একজন গবেষক ব্যান্সডক-এর বিবলিওগ্রাফি শাখায় কম্পিউটার সার্চ করে মূহুর্তেই এ জাতীয় তথ্য পেতে পারেন। ব্যান্সডক-এর সংগ্রহে যে সিডি/ডিভিডিসমূহ আছে তার এক একটিতে হাজার হাজার বিবলিওগ্রাফি/এ্যাবস্ট্রাক্টস সন্নিবেশিত আছে। ২০১১ সালে Biological Abstracts সেবা অনলাইনে প্রদানের লক্ষ্যে আমেরিকার খ্যাতনামা প্রকাশক Thomson & Routers -এর সাথে ব্যান্সডক-এর একটি চুক্তি সম্পাদিত হয়েছে। এ চুক্তির ফলে ব্যান্সডক ১৯৬৯ সাল থেকে বর্তমান পর্যন্ত Thomson & Routers-এর Biological Abstracts-এ প্রকাশিত সকল গুরুত্বপূর্ণ তথ্য একসেস্ করার সুযোগ পাচ্ছে। ব্যান্সডক-এর Real IP ব্যবহার করে এ সেবা একসাথে ২০০ জন বিজ্ঞানী ও গবেষককে প্রদানের সুযোগ রয়েছে। একজন গবেষক ঘন্টায় মাত্র ৪০/- টাকা সেবা মূল্য প্রদান করে এ সেবা গ্রহণ করতে পারেন। বর্তমানে নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিবলিওগ্রাফিক তথ্য ব্যান্সডক-এ আছে ঃ

- Biological Abstracts
  - Agriculture
  - Anatomy
  - Aerospace Biology
  - Bacteriology
  - Behavioral Sciences
  - Biochemistry
  - Bioengineering
  - Biophysics
  - Biotechnology
  - Botany
  - Environmental Sciences
  - Cell Biology
  - Clinical Medicine
  - Environmental Biology
  - Engineering, Computing and Technology
  - Experimental Medicine
  - Genetics
  - Immunology
  - Life Sciences
  - Microbiology
  - Nutrition
  - Occupational Health
  - Pathology
  - Pharmacology
  - Physical, Chemical & Earth Sciences
  - Physics
  - Physiology
  - Public Health
  - Radiation Biology
  - Systematic Biology
  - Toxicology
  - Veterinary Science and
  - Zoology.
- Physics Abstracts
- Current Content;
  - Clinical Medicine
  - Physical, Chemical and Earth Sciences
  - Agriculture, Biology and Environmental Sciences
  - Engineering, Computing and Technology and
  - Life Sciences.



ব্যান্সডক-এর মহাপরিচালক কম্পিউটার প্রশিক্ষণ দিচ্ছেন



মাননীয় সচিব-এর হাতে ক্রেষ্ট তুলে দিচ্ছেন মহাপরিচালক

২০১১-২০১২ অর্থ বছরে ১৪১ জন গবেষক এ তথ্য সেবা গ্রহণ করেছেন। ৪,৮৫৯ টি রেফারেন্স গবেষকদের মাঝে সরবরাহ করা হয়। এর বিনিময়ে সরকার ৪৮,৫৯৮/- টাকা রাজস্ব আয় করে কিন্তু প্রকৃত পক্ষে এ ধরণের সেবা অর্থ দিয়ে মূল্যায়ন করা যায় না। দেশে গবেষণার ক্ষেত্রে এ সেবার গুরুত্ব অপরিসীম।

## ডকুমেন্ট প্রকিউরমেন্ট ও ডেলিভারী সার্ভিস

গবেষকগণ তাদের গবেষণার সাথে সংশিণ্টষ্ট অন্যান্য গবেষণার ফলাফল জানার জন্য প্রকাশিত আর্টিক্যাল সংগ্রহ করে থাকেন। ব্যক্তিগত প্রচেষ্টায় অথবা ব্যান্সডক বা অন্যান্য লাইব্রেরী/ডকুমেন্টশন সেন্টারে প্রকাশিত আর্টিক্যালের বিবলিওগ্রাফি বা এ্যাবসট্রাক্টস পাওয়া গেলেও গবেষণার বিস্তারিত বিবরণ সম্বলিত আর্টিক্যাল সংগ্রহ করা ব্যক্তির পক্ষে অসম্ভব হয়ে পড়ে। গবেষকদের এ ধরণের আর্টিক্যাল সংগ্রহের চাহিদার প্রেক্ষিতে ব্যান্সডক দেশ-বিদেশের বিভিন্ন তথ্য কেন্দ্র থেকে ডকুমেন্ট সংগ্রহ করে চাহিদাকারী গবেষকদের সংরবরাহ করে থাকে। প্রথমতঃ ব্যান্সডক-এর ডকুমেন্টেশন বিভাগ ব্যান্সডক-এর নিজস্ব তথ্য ভান্ডার হতে সংশিণ্টষ্ট ডকুমেন্ট সংগ্রহের চেষ্টা করে থাকে। ব্যান্সডক-এর নিজস্ব প্রকাশনা ন্যাশনাল ক্যাটালগ অব সায়েন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল পিরিওডিক্যালস ইন বাংলাদেশ অথবা দেশের অন্যান্য লাইব্রেরী হতে আর্টিক্যাল সংগ্রহ করে তা গবেষকদের প্রদান করে থাকে।



বিজ্ঞানী ও গবেষক ডকুমেন্টেশন সেবা নিচ্ছেন



বিজ্ঞানী ও গবেষক-কেডকুমেন্টে প্রিন্ট দেয়া হচ্ছে

এ ছাড়া ব্যান্সডক-এর প্রবেশাধিকার আছে এমন কিছু বিদেশী ওয়েবসাইট (HINARI, AGORA, INASP PERii ইত্যাদি) হতে ডকুমেন্ট সংগ্রহ করে থাকে।

গবেষকদের চাহিদাকৃত ডকুমেন্ট স্থানীয়ভাবে সংগ্রহ করা সম্ভব না হলে ব্যান্সডক বিদেশী লাইব্রেরী অথবা ডকুমেন্টেশন সেন্টার হতে ডকুমেন্ট সংগ্রহ করে থাকে। এ বিষয়ে ব্যান্সডক-এর সাথে বেশ কিছু

বিদেশী প্রতিষ্ঠানের সমঝোতা রয়েছে। উলেখযোগ্য হলো ঃ ন্যাশনাল লাইব্রেরী অব অস্ট্রেলিয়া, ন্যাশনাল ইনষ্টিটিউট অব সায়েন্স কমিউনিকেশন এন্ড ইনফরমেশন রিসোর্চ (NISCAIR), নয়াদিলী, ভারত, ব্রিটিশ লাইব্রেরী ডকুমেন্ট সাপাই সেন্টার, ইউরোপিয়ান পেটেন্ট অফিস ইত্যাদি। এ সব প্রতিষ্ঠান হতে উচ্চমূল্যে ডকুমেন্ট সংগ্রহ করে অত্যন্ড় নগন্যমূল্যে ব্যান্সডক গবেষকদের সরবরাহ করে থাকে। যেমনঃ ন্যাশনাল লাইব্রেরী অব অস্ট্রেলিয়া হতে প্রতিটি ডকুমেন্ট (১-২০ পৃষ্ঠা পর্যন্ড়) ১২.০০ অস্ট্রেলিয়ান ডলার এবং NISCAIR হতে প্রতিটি ডকুমেন্ট ৭৫.০০ ভারতীয় র“পির বিনিময়ে সংগ্রহ করে থাকে। গবেষকদের কাছ থেকে পৃষ্ঠা প্রতি মাত্র ১০.০০ হিসেবে মূল্য গ্রহণ করা হয়ে থাকে। ইউনেস্কো ডলার কুপনের মাধ্যমে বৈদেশিক ডকুমেন্ট সংগ্রহের মূল্য পরিশোধ করা হয়। এ ভাবে ব্যান্সডক ভর্তুকি মূল্যে ডকুমেন্ট সরবরাহ করে বৈজ্ঞানিক গবেষণায় মূল্যবান অবদান রেখে আসছে। ২০১১-২০১২ অর্থ বছরে বৈদেশিক ডকুমেন্ট-এর চাহিদা ও সরবরাহের একটি চিত্র নীচের ছকে উপস্থাপন করা হলো ঃ

ডকুমেন্ট ডেলিভারী সার্ভিস- এর বিবরণ নিুরূপ (২০১১-২০১২) ঃ

| বিজ্ঞানী/গবেষকের সংখ্যা | অনুরোধকৃত আর্টিকেলের সংখ্যা | বিতরণকৃত আর্টিক্যালের সংখ্যা | বিতরণকৃত আর্টিক্যালের পৃষ্ঠা | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১৪১ জন | ৪৭৪টি | ৫৭৪টি | ৪৮৫৯ পৃষ্ঠা | ৪৮,৫৯৮.০০ |

২০১১-১২ অর্থ বছরে ব্যান্সডক ১৪১ জন বিজ্ঞানী/গবেষকের চাহিদাকৃত ৪৭৪ টি ডকুমেন্টের মধ্যে ৫৭৪ টি সায়েন্টিফিক ডকুমেন্ট বিদেশ থেকে সংগ্রহ করে বিতরণ করা হয়। বিতরণকৃত ডকুমেন্টের পৃষ্ঠা সংখ্যা ৪৮৫৯।

বর্তমানে এ ধরণের বৈদেশিক ডকুমেন্টের চাহিদা ই-মেইলে docu.bansdoc@gmail.com); (bansdoc@gmail.comএবং docu @bansdoc.gov.bd গ্রহণ করা হচ্ছে। যে কোন গবেষক ব্যক্তিগতভাবে ব্যান্সডক-এ না এসে ই-মেইলের মাধ্যমে তার চাহিদা প্রেরণ করতে পারেন। বিজ্ঞানী ও গবেষকের চাহিত ডকুমেন্ট ৭ দিনের মধ্যে সংগ্রহ করে তা সংশিষ্টদের মাঝে সফ্ট/হার্ড কপি বিতরণ করা হয়।

## রিপ্রোগ্রাফিক সার্ভিস



গ্রাহক সেবার জন্য লেমিনেটিং করা হচ্ছে



মাইক্রোফ্লিম



টার্ণ ইন্শীপ গ্রহণকারীদের ফটোকপি মেশিন পরিচালনা প্রশিক্ষণ

গবেষকদের গবেষণা কর্ম, ফটোগ্রাফ ইত্যাদি মাইক্রোফ্লিম, মাইক্রোফিস-এর মাধ্যমে দীর্ঘ মেয়াদে সংরক্ষণের ব্যবস্থা এ সেবার আওতায় করা হয়। এ ছাড়া গবেষণার বিষয়বস্তুর বৈজ্ঞানিক ফটোগ্রাফি, স্লাইড তৈরীর ব্যবস্থাও এখানে বিদ্যমান। তবে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসারের ফলে এ সব সেবার চাহিদা নেই বললেই চলে। তবে গবেষকগণ তাদের গবেষণা পত্র বা অন্য কোন ডকুমেন্ট লেমিনেটিং, স্পাইরাল বাইন্ডিং, ফটোকপি স্বল্প মূল্যে এ বিভাগ হতে করে নিতে পারেন।

| ক্রঃ নং | দায়িত্ব | কাজের বিবরণ |
|---|---|---|
| ১। | প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত | ক) "Automation & Digitization of BANSDOC Services" শীর্ষক প্রকল্পের ডিপিডি-এর দায়িত্ব পালন। |
| | | খ) "Resource Sharing" প্রকল্প প্রণয়নের দায়িত্ব পালন। |
| ২। | অনলাইন ও অফলাইন প্রকাশনা সমূহের Data Processing ও Entry সংক্রান্ত | ক) Directory of Scientists & Technologists of Bangladesh শীর্ষক প্রকাশনার জন্য বর্তমান বছরে সংগৃহীত প্রায় ১৯১১ জন Scientists-দের বায়োডাটা প্রসেসিং করা হয়েছে। তন্মধ্যে ১৬৩০ (এক হাজার ছয়শত ত্রিশ) টি ডাটা ওয়েবসাইটে এন্ট্রি দেওয়া হয়েছে এবং ৪ (চার)টি ভল্যুমে ১৬০০ ডাটার হার্ডকপি বাঁধাই কাজ সম্পন্ন করা হয়েছে। |
| ৩। | ফটোগ্রাফিক কার্যক্রম সংক্রান্ত | বর্তমান বছরে ব্যান্সডক কর্তৃক আয়োজিত স্থানীয় ও জাতীয় পর্যায়ের প্রায় ২০ টি ওয়ার্কশপ ও সেমিনার এবং ব্যান্সডক এর পরিচালনা বোর্ড (জিবি মিটিং) এর ৪ টি সভার স্থির চিত্র ধারনের কাজ সম্পন্ন করা হয়েছে এবং ভবিষ্যৎ প্রয়োজনে ও ব্যান্সডক কার্যক্রমের প্রচার ও প্রসারের লক্ষ্যে সংরক্ষণ ও বিতরনের কার্য সম্পাদন করা হয়েছে। |
| ৪। | ভিডিওগ্রাফি সংক্রান্ত | বর্তমান বছরে ব্যান্সডক কর্তৃক আয়োজিত স্থানীয় ও জাতীয় পর্যায়ের প্রায় ২০ টি ওয়ার্কশপ ও সেমিনার এবং ব্যান্সডক এর পরিচালনা বোর্ড (জিবি মিটিং) এর ৩ টি সভার ভিডিও চিত্র ধারনের কাজ সম্পন্ন করা হয়েছে এবং ভবিষ্যৎ প্রয়োজনে ও ব্যান্সডক কার্যক্রমের প্রচার ও প্রসারের লক্ষ্যে সংরক্ষণ ও বিতরনের কার্য সম্পাদন করা হয়েছে। |
| ৫। | ডকুমেন্টারী তৈরী সংক্রান্ত | ব্যান্সডক কার্যক্রমের প্রচার ও প্রসারের লক্ষ্যে ডকুমেন্টারী তৈরীর কাজ সম্পাদন করা হয়েছে। |
| ৬। | ডুপেন্ডা ফটোকপির কার্য সংক্রান্ত | ব্যান্সডক-এর বিভিন্ন প্রকাশনা ও সেবা সংক্রান্ত তথ্য বিতরনের লক্ষ্যে বর্তমান বছরে প্রায় ৯৭,৯৪২ কপি ফটোকপির কার্য সম্পন্ন করা হয়েছে। |

| ক্রঃ নং | দায়িত্ব | কাজের বিবরণ |
|---|---|---|
| ৭। | স্পাইরাল বাঁধাই করা | ব্যান্সডক-এর বিভিন্ন প্রকাশনা ও সেবা সংক্রান্ড় তথ্য বিতরনের লক্ষ্যে বর্তমান বছরে প্রায় ১০৭ টি স্পাইরাল বাঁধাই এর কাজ সম্পন্ন করা হয়েছে। |
| ৮। | বিবিধ কার্যক্রম | উপরে উলেণ্টখিত কার্যক্রম ছাড়াও রিপ্রোগ্রাফিক শাখার কর্মকর্তা/কর্মচারীগণ ব্যান্সডক-এর অন্যান্য শাখায় সংযুক্ত থেকে হিসাব নিরীক্ষা, প্রশাসন, অডিট,প্রবিধানমালা, ওয়েবসাইট ও অনলাইন প্রকাশনা সংক্রান্ড় বিবিধ কাজে সহায়তা প্রদান করছে। এছাড়াও জনসার্থে তথ্য সেবা সকলের দোরগোড়ায় পোঁছে দেওয়ার জন্য মহাপরিচালক কর্তৃক তাৎক্ষনিক যাবতীয় নির্দেশ ও তদসংক্রান্ড় যাবতীয় কার্যক্রম পালন করছে। |

<u>গ্রন্থাগার সার্ভিস</u>

ব্যান্সডক গ্রন্থাগারটি একটি বিশেষায়িত বিজ্ঞান গ্রন্থাগার। এ গ্রন্থাগারটি দেশের অন্যান্য বিজ্ঞান লাইব্রেরীর পরিপূরক হিসেবে কাজ করে। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের বিশেষজ্ঞদের দিয়ে গঠিত পুস্ড়ক নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশকৃত বই ও জার্ণাল এ গ্রন্থাগারের জন্য ক্রয় করা হয়। সাধারণতঃ বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠানে যে সকল বই ও জার্ণাল পাওয়া যায় না বা ক্রয় করা হয় না সেই ধরণের বই ও জার্ণাল দিয়ে গ্রন্থাগার সজ্জিত। বর্তমানে ব্যান্সডক গ্রন্থাগারে প্রায় ৯৬ টি শিরোনামের রেফারেন্স বইসহ বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রের প্রায় সকল শাখার ২০,৩৬০টি বই এ গ্রন্থাগারে সংরক্ষিত আছে। এ ছাড়া প্রায় ৪৫০ শিরোনামের দেশী-বিদেশী জার্নাল সংরক্ষিত আছে। গ্রন্থাগারটি ৩টি সেকশনে বিভক্ত ১। মনোগ্রাফ বা বই সেকশন ২। সিরিয়াল/জার্নাল সেকশন এবং ৩। রেফারেন্স সেকশন। গ্রন্থাগারটি সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিন ব্যতীত বিরতিহীনভাবে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ড় খোলা থাকে। ব্যবহারকারীরা বিনা মূল্যে বই ব্যবহার করতে পারেন। প্রয়োজনীয় অংশ নগন্য মূল্যে ফটোকপি করে নিতে পারেন। তবে এ গ্রন্থাগার হতে কোন বই ইস্যু করা হয় না। অভিজ্ঞ শিক্ষাবিদ বিজ্ঞানীদের নিরলসভাবে পড়াশুনার জন্য ৪টি সুসজ্জিত ষ্ট্যাডি ক্যারেলের ব্যবস্থা আছে।





ব্যান্সডক গ্রন্থাগার



ব্যান্সডক গ্রন্থাগার



গ্রন্থাগারে পাঠকগণ

- ২০১১-২০১২ অর্থ বছরে ব্যান্সডক গ্রন্থাগার থেকে ফিজিক্যালি ১৭৫৩ জন এবং অনলাইন থেকে ৩৬,৫৯৪ জন পাঠক/পাঠিকাকে সেবা প্রদান করা হয়েছে।
- ব্যান্সডক গ্রন্থাগার থেকে ২০১১-২০১২ অর্থবছরে ২০৪৪৫ পৃষ্ঠা কপি ফটোকপি সার্ভিস প্রদান করা হয়েছে।
- ২০১১-২০১২ অর্থ বছরে ১৫৬টি বই সংগ্রহ/ক্রয় করা হয়েছে।
- ১২৭টি বই ও ৯৮ টি কপি জার্নাল বাধাঁই করা হয়েছে।
- আন্তর্জাতিক CD/DVD Life Science প্রকাশক (Silver Platter) Thomson Reouters, USA কর্তৃক প্রকাশিত Biological Abstracts on Electronic DVD-2012 -এর (৩৩টি বিষয়ের) সংগ্রহ/ক্রয় করা হয়েছে।
- ডিজিটাল লাইব্রেরী সার্ভিস প্রদানের লক্ষ্যে ডিজিটাল রিসোর্স সংগ্রহ এবং সেবা প্রদানের জন্য ২৫টি আন্তর্জাতিক ই-বুক/জার্নাল প্রকাশকের সঙ্গে এগ্রিমেন্ট রেজিস্ট্রেশন করা হয়েছে এবং এ সকল প্রকাশককে (ই-বুক/জার্নাল-এর অনলাইনের সেবা প্রদানের জন্য) ব্যান্সডকের ওয়েব সাইটের সাথে লিংক করে দেওয়া হয়েছে।
- ব্যান্সডক গ্রন্থাগার অটোমেশন এবং অনলাইন সেবা প্রদানের লক্ষ্যে ব্যান্সডক গ্রন্থাগারে সংগৃহীত ১৫০৬০টি বইয়ের বিবলিওগ্রাফিক্যাল তথ্য ব্যান্সডক-এর ওয়েব সাইটে ডেটাবেজে আকারে ইনপুট দেওয়া হয়েছে।
- ব্যান্সডক-এর অনলাইন প্রকাশনা National Union Catalogue of Scientific & Technological Periodicals in Bangladesh"-২০১২ শীর্ষক প্রকাশনার জন্য ৭৬৪৯টি বিজ্ঞান প্রযুক্তি বিষয়ক জার্নালের তথ্য দেশের বিভিন্ন খ্যতিমান এসএন্ডটি গ্রন্থাগার থেকে সংগ্রহ করা হয়েছেএবং সংগ্রহ অব্যাহত আছে। ব্যান্সডক-এর ওয়েব সাইটে ৫৬৮৪টি শিরোনামের (টাইটেলের) জার্নাল/সাময়িকীর তথ্য ডেটাবেজ আকারে ইনপুট দেওয়া হয়েছে। প্রকাশনাটি Vol.1, No. 1 আকারে বাঁধাই করা হয়েছে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ১২ জন ছাত্র/ছাত্রীকে ২৭/০২/২০১২ তারিখ থেকে ২৭/০৩/২০১২ পর্যন্ত প্রথম ব্যাচ এবং ১৮ জন ছাত্র/ছাত্রীকে ২৮/৫/২০১২ তারিখ থেকে ২৭/৬/২০১২ তারিখ পর্যন্ত দ্বিতীয় ব্যাচ হিসেবে তথ্য বিজ্ঞান এবং গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক ইন্টার্নশীপ কোর্স প্রদান করা হয়েছে।
- গত ০১/০৮/২০১১ তারিখ ব্যান্সডক সভাকক্ষে "National Union Catalogue of Scientific and Technological Periodicals in Bangladesh"- শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়েছে।
- গত ০৫/০৩/২০১২ তারিখে মহাপরিচালক মহোদয়ের কক্ষে "National Union Catalogue of Scientific and Technological Periodicals in Bangladesh"- শীর্ষক প্রকাশনার তথ্য সংগ্রহ সম্পর্কে জরিপ কাজের রিভিউ কর্মশালার আয়োজন করা হয়েছে।
- গত ১৯/০২/২০১২ তারিখ ব্যান্সডক সভাকক্ষে গ্রন্থাগারের বই ও জার্নাল নির্বাচন সংক্রান্ত উপ-কমিটির সভা করা হয়েছে।
- গত ২০/০৩/২০১২ এবং ১১/৪/২০১২ তারিখে ব্যান্সডক সভাকক্ষে গ্রন্থাগারের বই ও জার্নাল নির্বাচন সংক্রান্ত চূড়ান্ত কমিটির সভা করা হয়েছে।
- "National Union Catalogue of Scientific and Technological Periodicals in Bangladesh"- শীর্ষক প্রকাশনা ব্যান্সডকের ওয়েব সাইট থেকে ডাউনলোড, প্রিন্ট আউট, এডিটিং এবং বাধাঁই সম্পর্কে সভা করা হয়েছে।

## প্রদত্ত সেবাসমূহঃ

| ক্রঃ নং | বিবরণ | ২০১১-২০১২ |
|---|---|---|
| ১। | পাঠকসেবা (ফিজিক্যালি) | ১,৭৫৩ জন |
| ২। | পাঠকসেবা (অনলাইন) | ৩৬,৫৯৪ জন |
| ৩। | ফটোকপি সেবা | ২০,৪৪৫ পৃষ্ঠা |
| ৪। | সাইবার সেবা | ১৩৭ জন |
| ৫। | ব্যান্সডক ওয়েব সাইটে বইয়ের বিবলিওগ্রাফিক তথ্য ইনপুট | ১৫,০৬০ টি |

## সাইবার কর্ণার

ব্যান্সডক গ্রন্থাগারে একটি সাইবার কর্নার সংযুক্ত করা হয়েছে। আপাততঃ দু'টি কম্পিউটারে ইন্টারনেট সংযোগ প্রদানের মাধ্যমে এর কার্যক্রম শুর হয়েছে। গ্রন্থাগার ব্যবহারকারীরা বিনামুল্যে এ সাইবার কর্নারে ইন্টারনেট ব্যবহার করতে পারেন ও প্রয়োজনীয় ডকুমেন্ট স্বল্প মূল্যে প্রিন্ট করে নিতে পারেন।



ব্যান্সডক সাইবার কর্ণার

## কর্মসূচী

ব্যান্সডক-এর সেবা সমূহকে পর্যায়ক্রম অটোমেশন ও ডিজিটাইজেশনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রাথমিক উদ্যোগ হিসেবে ব্যান্সডক-এর ওয়েব সাইট (ীীী.নধহংফড়প.মড়া.নফ) এ প্রয়োজনীয় তথ্যাবলী আপলোড শুর হয়েছে। ২০১১-২০১২ অর্থ বছরে ১৫,০৬০ টি বইয়ের ডাটা আপলোড করা হয়েছে। একজন পাঠক ব্যান্সডক ওয়েব সাইটের অনলাইন ক্যাটালগ সার্চ অপশনে গিয়ে ক্যাটালগ সার্চ করে ব্যান্সডক লাইব্রেরীর যে কোন বইয়ের তথ্য পেতে পারেন।

### ব্যান্সডক ওয়েবসাইট (www.bansdoc.gov.bd)

ব্যান্সডক-এর একটি সমৃদ্ধ ওয়েবসাইট রয়েছে। ব্যবহারকারীরা ওয়েব সাইট ব্রাউজ করে ব্যান্সডক-এর লক্ষ্য ও উদ্দেশ্য, ব্যান্সডক-এর সেবাসমূহ, বিজ্ঞান ও প্রযুক্তি তথ্য বিষয়ক বিভিন্ন ডাটাবেজ এবং অন্যান্য অনেক তথ্য জানতে পারেন।

| ক্রঃ নং | ডাটাবেজ-এর নাম | বিষয়বস্তু | ইনপুট৩০-০৬-১২ পর্যন্ত | লিংক |
|---|---|---|---|---|
| ১. | Directory of Scientists and Technologists in Bangladesh | দেশ ও বিদেশে অবস্থিত বাংলাদেশী বিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের বায়োডাটা নিয়ে | ১৯১১টি | http://www.bansdoc.gov.bd/sub/directory_search.php |

| ক্রঃ নং | ডাটাবেজ-এর নাম | বিষয়বস্তু | ইনপুট৩০-০৬-১২ পর্যন্ত | লিংক |
|---|---|---|---|---|
| | | ডাটাবেজটি তৈরী করা হয়েছে। | | |
| ২. | Current Scientific and Technological Research Projects in Bangladesh | বাংলাদেশের শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের চলমান গবেষণার তথ্য দিয়ে এ ডাটাবেজটি তৈরী করা হয়েছে। | ৬৬০টি | http://www.bansdoc.gov.bd/sub/current_search.php |
| ৩. | Bangladesh Science and Technology Abstracts | বাংলাদেশে প্রকাশিত জার্নালের বিবলিওগ্রাফিক্যাল তথ্য ও এ্যাবস্ট্রাক্ট দিয়ে এ ডাটাবেজ তৈরী করা হয়েছে। | ১২৯২টি | http://nucb.bansdoc.gov.bd/ |
| ৪. | National Union Catalouge of Scientific and Technological Periodicals of Bangladesh | বাংলাদেশের শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের লাইব্রেরীতে সংগৃহীত বই ও জার্নালের তথ্য দিয়ে এ ডাটাবেজটি প্রস্তুত করা হয়েছে। | ৫৮৫০টি | http://nucb.bansdoc.gov.bd/ |
| ৫. | Bangladesh Science and Technological Research Abstracts in Bangladesh (Thesis) | শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে সম্পাদিত গবেষণা/থিসিসের তথ্য দিয়ে এ ডাটাবেজটি প্রস্তুত করা হয়েছে। | ৮২৪০টি | http://www.bansdoc.gov.bd/sub/book_ssearch.php |
| ৬. | BANSDOC'S Book Search | ব্যান্সডক-এর লাইব্রেরীতে সংগৃহীত বইয়ের বিবলিওগ্রাফিক্যাল তথ্য দিয়ে এ ডাটাবেজটি তৈরী করা হয়েছে। | ১৫১০৬টি | http://www.bansdoc.gov.bd/sub/book_search.php |
| ৭. | BANSDOC'S Journal | ব্যান্সডক-এর লাইব্রেরীতে সংগৃহীত জার্নাল। | ৪৩৫টি | http://www.bansdoc.gov.bd/sub/book_search.php |
| ৮. | BANSDOC'S eBook & eJournal | ব্যান্সডক-এর ওয়েব সাইটে সংযুক্ত করা হয়েছে। | ৭৩টি | http://www.bansdoc.gov.bd/sub/book_search.php |
| ৯. | Innovations of Young Scientists & Science Club | নবীন বিজ্ঞানীদের উদ্ভাবন। | ৪১টি | http://www.bansdoc.gov.bd/sub/yyscientists_search.php |
| ১০. | Scientific & Industrial Innovations | বিজ্ঞানীদের উদ্ভাবন। | ৬৩টি | http://www.bansdoc.gov.bd/sub/yyscientists_search.php |

## সহযোগী বিদেশী প্রতিষ্ঠান

ব্যান্সডক-এর সাথে বিশ্বের নামকরা লাইব্রেরী, ইনফরমেশন ও ডকুমেন্টেশন সেন্টারের সাথে সহযোগিতামূলক কর্মসূচী রয়েছেঃ

### (ক) ন্যাশনাল লাইব্রেরি অব অস্ট্রেলিয়াঃ

ব্যান্সডক ন্যাশনাল লাইব্রেরী অফ অস্ট্রেলিয়া থেকে বিজ্ঞানী ও গবেষকদের চাহিদানুযায়ী বিদেশী বৈজ্ঞানিক ডকুমেন্ট সংগ্রহ করে থাকে। ডকুমেন্ট সংগ্রহের বিল ইউনেস্কো ডলার কুপনের মাধ্যমে পরিশোধ করা হয়। সাধারনত ১-৩০ পৃষ্ঠার ডকুমেন্টের জন্য ১২.০০ অস্ট্রেলিয়ান ডলার পরিশোধ করতে হয়।

### (খ) ন্যাশনাল ইন্সটিটিউট অব সায়েন্স কমিউনিকেশন এন্ড ইনফর রিসোর্সেস (NISCAIR)ঃ

ব্যান্সডক বিজ্ঞানী ও গবেষকের চাহিদাকৃত ভারতীয় বৈজ্ঞানিক ডকুমেন্ট NISCAIR, নয়াদিলণ্ডী, ভারত থেকে সংগ্রহ করে থাকে। সাধারনতঃ ১-২০ পৃষ্ঠার একটি ডকুমেন্টের জন্য ৯০.০০ ইন্ডিয়ান র ্পী পরিশোধ করতে হয়।

### এছাড়াও নিম্নোক্ত প্রতিষ্ঠানগুলোর সাথে ব্যান্সডক -এর তথ্য বিনিময় অব্যাহত রয়েছেঃ

১) পাকিস্থান সায়েন্টিক এন্ড টেকনোলজিক্যাল ইনফরমেশন সেন্টার, ইসলামাবাদ, পাকিস্থান;
২) ইন্সটিটিউট অফ সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ইনফরমেশন অফ চায়না, বেইজিং, চীন;
৩) ন্যাশনাল ইন্সটিটিউট ফর সায়েন্স ইনফরমেশন সিস্টেমস, টোকিও, জাপান;
৪) রাশিয়ান একাডেমী অফ সায়েন্সেস, মস্কো, রাশিয়া;
৫) ফেডারেশন অফ ইন্টারন্যাশনাল ইনফরমেশন এন্ড ডকুমেন্টেশন, হেগ, দি নেদারল্যান্ড;
৬) ইউরোপিয়ান কমিশন, ব্রাসেলস, বেলজিয়াম;
৭) ইউরোপিয়ান পেটেন্ট অফিস, হেগ, দি নেদারল্যান্ড;
৮) সার্ক ডকুমেন্টেশন সেন্টার, নয়াদিলণ্ডী, ভারত এবং
৯) ইউনেস্কো, ফ্রান্স ।

## সার্ক ডকুমেন্টেশন সেন্টার কার্যক্রম

ব্যান্সডক সার্ক ডকুমেন্টেশন সেন্টার, দিলণ্ডীর বাংলাদেশস্থ ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করছে, সার্ক ডকুমেন্টেশন সেন্টার লাইব্রেরী ও তথ্য প্রযুক্তি বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ সুবিধাদি প্রদান করে থাকে। ২০১০-২০১১ অর্থ বছরে নিম্নোক্ত বাংলাদেশী শিক্ষার্থীদের উচ্চতর প্রশিক্ষণে ভারতের NISCAIR- এ প্রেরণ করা হয়।

| ক্রঃ | নাম ও পদবী | কোর্সের নাম | সময়কাল ও স্থান |
|---|---|---|---|
| ১) | জনাব মোহাম্মদ আসলাম আলী খন্দকার<br>জুনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার<br>ব্যান্সডক, ঢাকা | Associateship in Information Science (AIS) | ০১ সেপ্টেম্বর ২০১০-আগষ্ট ২০১২, নিসকেয়ার, নয়াদিলণ্ডী, ভারত |
| ২) | জনাব ইয়াসমিন আরা<br>সহকারী লাইব্রেরীয়ান, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেসনাল্‌স, মিরপুর সেনানিবাস, ঢাকা। | Short Term Programme on Information Technology for | ৩/১০/২০১১-৪/১১/২০১১, নিসকেয়ার, নয়াদিলণ্ডী, ভারত |

| ক্রঃ | নাম ও পদবী | কোর্সের নাম | সময়কাল ও স্থান |
|---|---|---|---|
| | | Information Management | |
| ৩) | জনাব মানিক হোসেন ভুঁইয়া সহকারী লাইব্রেরীয়ান, বাংলাদেশ বন গবেষণা ইনষ্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম। | Short Term Programme on Information Technology for Information Management | ৩/১০/২০১১-৪/১১/২০১১, নিসকেয়ার, নয়াদিলণ্টী, ভারত |
| ৪) | জনাব মাহবুবুর রশিদ তালুকদার লাইব্রেরীয়ান, বারি, জয়দেবপুর, গাজীপুর, ঢাকা। | Attachment Training Programme | ৩/১০/২০১১-২/১/২০১২, নিসকেয়ার, নয়াদিলণ্টী, ভারত |
| ৫) | জনাব ইলা রাণী মন্ডল লাইব্রেরীয়ান (অতিঃ দাঃ) ব্যান্সডক, ঢাকা। | Library Automation using Koha workshop | ৫/১২/২০১২-১০/১২/২০১২, নিসকেয়ার, নয়াদিলণ্টী, ভারত |
| ৬) | জনাব র<sup></sup>নিয়া খাতুন সর্টার, ব্যান্সডক, ঢাকা। | Library Automation using Koha workshop | ৫/১২/২০১১-১০/১২/২০১১, নিসকেয়ার, নয়াদিলণ্টী, ভারত |
| ৭) | জনাব বিকাশ চন্দ্র সাহা মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ব্যান্সডক, ঢাকা | Library 2.0 workshop | ১২/১২/২০১১-১৬/১২/২০১১, নেপাল |
| ৮) | জনাব শেখ আবু হাসান কম্পিউটার অপারেটর, ব্যান্সডক, ঢাকা। | Library 2.0 workshop | ১২/১২/২০১১-১৬/১২/২০১১, নেপাল |
| ৯) | জনাব মোঃ একরামুল হক প্রশাসনিক কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, ব্যান্সডক, ঢাকা। | Short Term Programme on Information Technology for Information Management | ২১/৫/২০১২-২২/৬/২০১২, নিসকেয়ার, নয়াদিলণ্টী, ভারত |
| ১০) | জনাব মোঃ মাহবুবুর রহমান সহকারী লাইব্রেরীয়ান, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা। | Short Term Programme on Information Technology for Information Management | ২১/৫/২০১২-২২/৬/২০১২, নিসকেয়ার, নয়াদিলণ্টী, ভারত |
| ১১) | জনাব মোঃ হাসিবুল ইসলাম জুনিয়ার লাইব্রেরীয়ান, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা। | Attachment Training Programme | ২১/৫/২০১২-১৭/৮/২০১২, নিসকেয়ার, নয়াদিলণ্টী, ভারত |

২৮-২৯ জুলাই ২০১১ তারিখে ভারতের নয়াদিলণ্টীতে সার্ক ডকুমেন্টেশন সেন্টার-এর ৭তম কো-অর্ডিনেটর সভায় ব্যান্সডক-এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব বিকাশ চন্দ্র সাহা অংশগ্রহণ করেন।

৮-৯ সেপ্টেম্বর ২০১১ তারিখে ভারতের নয়াদিলণ্টীতে সার্ক ডকুমেন্টেশন সেন্টার-এর ১৭তম গভর্ণিং বোর্ড এর সভায় ব্যান্সডক-এর মহাপরিচালক জনাব মিজানুর রহমান অংশগ্রহণ করেন।

## জনবল

বিদ্যমান ৫৩টি পদের শ্রেণীভিত্তিক বন্টন ও খালি পদের বিবরণ নিম্নরূপঃ

| ক্রঃ | শ্রেণী | অনুমোদিত | বর্তমান জনবল | শুন্যপদ |
|---|---|---|---|---|
| ০১ | প্রথম শ্রেণী | ১০ | ০৪ | ০৬ |
| ০২ | দ্বিতীয় শ্রেণী | ০৫ | ০৩ | ০২ |
| ০৩ | তৃতীয় শ্রেণী | ২৫ | ২১ | ০৪ |
| ০৪ | চতুর্থ শ্রেণী | ১৩ | ০৯ | ০৪ |
| | **মোটঃ=** | **৫৩** | **৩৭** | **১৬** |

## মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম

যে কোন প্রতিষ্ঠানের কর্মকান্ড পরিচালনায় প্রশিক্ষণের কোন বিকল্প নেই। বর্তমানে প্রযুক্তির দ্রুত পরিবর্তনের প্রেক্ষিতে নতুন নতুন প্রশিক্ষণ গ্রহণ অতি প্রয়োজনীয় হয়ে উঠেছে। ২০১১-২০১২ অর্থ বছরের ব্যান্সডক-এর নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ পাশে উল্লেখিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেনঃ

**দেশী প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণ ঃ**

| ক্রঃ | নাম ও পদবী | বিষয় | সময়কাল ও স্থান |
|---|---|---|---|
| ১. | জনাব ইলা রাণী মন্ডল<br>গ্রন্থাগার সহকারী,<br>ব্যান্সডক, ঢাকা | Workshop on Application of Greenstone Digital Library Software for Building Digital Library | ২৭-৩০ ডিসেম্বর ২০১১<br>বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা। |
| ২. | জনাব শেখ আবু হাসান<br>কম্পিউটার অপারেটর<br>ব্যান্সডক, ঢাকা | Workshop on Application of Greenstone Digital Library Software for Building Digital Library | ২৭-৩০ ডিসেম্বর ২০১১<br>বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা। |
| ৩. | জনাব নাসিমা খাতুন<br>ক্যাটালগার<br>ব্যান্সডক, ঢাকা | Workshop on Application of Greenstone Digital Library Software for Building Digital Library | ২৭-৩০ ডিসেম্বর ২০১১<br>বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা। |
| ৪. | জনাব মোঃ মনিরুজ্জামান<br>এসআরও<br>ব্যান্সডক, ঢাকা | Post Graduate Diploma in ICT | ১লা মার্চ ২০১১ হতে ১ বছর<br>বিসিসি, ঢাকা |
| ৫. | জনাব ফারজানা সুজাত<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>ব্যান্সডক, ঢাকা | Post Graduate Diploma in ICT | ১লা মার্চ ২০১১ হতে ১ বছর<br>বিসিসি, ঢাকা |
| ৬. | জনাব শেখ আবু হাসান<br>কম্পিউটার অপারেটর<br>ব্যান্সডক, ঢাকা | Post Graduate Diploma in ICT | ১লা মার্চ ২০১১ হতে ১ বছর<br>বিসিসি, ঢাকা |
| ৭. | জনাব মোঃ শহিদ উল্লাহ<br>উচ্চমান সহকারী<br>ব্যান্সডক, ঢাকা | Diploma in ICT | ১লা মার্চ ২০১১ হতে ১ বছর<br>বিসিসি, ঢাকা |

| ক্রঃ | নাম ও পদবী | বিষয় | সময়কাল ও স্থান |
|---|---|---|---|
| ৮. | জনাব মোঃ আলী আযম খান<br>ডাটা এন্ট্রি অপারেটর<br>ব্যান্সডক, ঢাকা | Diploma in ICT | ১লা মার্চ ২০১১ হতে ১ বছর<br>বিসিসি, ঢাকা |
| ৯. | জনাব মোঃ আজম খান<br>টেকনিশিয়ান<br>ব্যান্সডক, ঢাকা | Diploma in ICT | ১লা মার্চ ২০১১ হতে ১ বছর<br>বিসিসি, ঢাকা |
| ১০. | জনাব র‍ুনিয়া খাতুন<br>সর্টার<br>ব্যান্সডক, ঢাকা | Diploma in ICT | ১লা মার্চ ২০১১ হতে ১ বছর<br>বিসিসি, ঢাকা |

## বিদেশী প্রশিক্ষণ / সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণঃ ২০১১-২০১২

| ক্রমিক নং | নাম ও পদবী | বিষয় | সময়কাল ও স্থান |
|---|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ আসলাম আলী খন্দকার<br>জুনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার<br>ব্যান্সডক, ঢাকা | Associateship in Information Science (AIS) | ১৫/০৯/২০১১-৩১/০৮/১২<br>নিসকেয়ার, নয়াদিল্লী,<br>ভারত |

**বাজেটঃ** ২০১১-২০১২ অর্থ বছরে ব্যান্সডক-এর রাজস্ব বাজেটে বরাদ্দের পরিমান ছিল টাঃ ২৩৭.৮১ লক্ষ টাকা। প্রকৃত খরচ হয়েছে টাঃ১৭৫.৫৬ লক্ষ টাকা। মহাপরিচালক এর কার ক্রয় বাবদ বরাদ্দকৃত অর্থ কার ক্রয়ের অনুমতি না পাওয়ায় এবং জার্নাল অব ফিজিক্স ক্রয় না করে ইনাস্পেরির সদস্য হয়ে গ্রাহকদেরকে সংশ্লিষ্ট সেবা প্রদান করায় অর্থ সাশ্রয় হয়েছে। অব্যয়িত অর্থ টাঃ ৬১.৯৪ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।

**আয়ঃ** ব্যান্সডক মূলত একটি সেবাধর্মী প্রতিষ্ঠান হওয়ায় এর দৃশ্যমান আয় দিয়ে প্রতিষ্ঠানের কার্যক্রমকে মূল্যায়ন করা সম্ভব নয়। বিভিন্ন তথ্য সেবা প্রদান করে দেশের বিজ্ঞান ও প্রযুক্তির গবেষণার ক্ষেত্রে যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে তার অদৃশ্যমান মূল্য অপরিসীম। ২০১১-২০১২ অর্থ বছরে বিভিন্ন সেবার বিনিময়ে ০.৬৫১৪২ লক্ষ টাকা রাজস্ব আয় হয়েছে।

## আয় আয়োজিত প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/পরামর্শ সভাঃ (০১ জুলাই ২০১১ থেকে ৩০ জুন ২০১২ পর্যন্ত)

২০১১-২০১২ অর্থবছরে নিম্নোক্ত প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ/পরামর্শ সভা আয়োজন করা হয়েছেঃ

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ২৪ টি | ১৬৭৫ জন |



পরামর্শ সভায় মাননীয় সচিব মহোদয়



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সেমিনার



ব্যান্সডক০-এ ইন্টার্ণশীপ গ্রহণকারী ছাত্র-ছাত্রী



ব্যান্সডক-এর মহাপরিচালক ইন্টার্ণশীপ গ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মাঝে ক্লাস নিচ্ছেন

## ই-মেইল ঠিকানা ও টেলিফোন নম্বর

| ক্রঃ | বিভাগের নাম | ইমেইল ঠিকানা ও টেলিফোন নম্বর |
|---|---|---|
| ১. | ব্যান্সডক | bansdoc@gmail.com, 8151532 |
| ২. | পরিচালকের অফিস | director@bansdoc.gov.bd, 8127744 |
| ৩. | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তার অফিস | bansdoc@bansdoc.gov.bd, 8127726 |
| ৪. | রিপ্রোগ্রাফিক শাখা | sro_bd@yahoo.com, 9119594 |
| ৫. | ডকুমেন্টেশন শাখা | docu@bansdoc.gov.bd, docu.bansdoc@gmail.com, 8151532 |
| ৬. | এসএন্ডটি ইনফরমেশন শাখা | biblio@bansdoc.gov.bd, webmaster@bansdoc.gov.bd, 8159215 |
| ৭. | ব্যান্সডক লাইব্রেরী | library@bansdoc.gov.bd, 8151532 Ext-106 |

## ব্যান্সডক-এর ভবিষ্যৎ পরিকল্পনা

- বর্তমান ব্যান্সডক গ্রন্থাগারকে একটি ডিজিটাল লাইব্রেরী হিসেবে প্রতিষ্ঠিত করা;
- দেশের অন্যান্য গ্রন্থাগার ও তথ্য কেন্দ্রসমূহের বিদ্যমান জনবলকে প্রশিক্ষণ সহায়তা প্রদান কল্পে ব্যান্সডকের উদ্যোগ গ্রহণ;
- ব্যান্সডকের গৃহীত কর্মকান্ডসমূহ ও প্রদত্ত তথ্য সেবাসমূহের আধুনিকায়ন, সম্প্রসারণ ও ব্যাপক ভিত্তিক প্রচার কল্পে সময়ে সময়ে সেমিনার, কর্মশালা ও আলোচনা সভার আয়োজন করা;
- ব্যান্সডকের কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বাড়ানোর জন্য দেশী-বিদেশী ট্রেনিং গ্রহণের ব্যবস্থা করা;
- ব্যান্সডকের উদ্যোগে জাতীয় পর্যায়ে আন্তঃগ্রন্থাগার সহযোগিতা ও সম্পদ আদান-প্রদানের প্রবর্তন করা;
- গ্রন্থাগার পঠন সামগ্রীর সঠিক সংরক্ষণ নিশ্চিতকরণ কল্পে লাইব্রেরী বার কোডিং ব্যবস্থার প্রচলন করা;
- বিজ্ঞান ও প্রযুক্তি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ সবার মাঝে ব্যান্সডকের সার্বিক কর্মকান্ড এবং প্রদত্ত তথ্য সেবাসমূহ ছড়িয়ে দেয়ার লক্ষ্যে পরিদর্শনের আয়োজন করা;
- প্রতিটি বিভাগীয় শহরে ব্যান্সডক-এর শাখা স্থাপন;
- প্রতিটি লাইব্রেরীকে ডিজিটাল লাইব্রেরীতে রূপান্তরের সহায়তা করা।